



১৬২৬৩ তে কল করুন। এই নম্বরে কল করে দিন রাত ২৪ ঘন্টা ডাক্তারের পরামর্শ নিন।

প্রকাশন তারিখ : 2016-10-03


১৬২৬৩ তে কল করুন। এই নম্বরে কল করে দিন রাত ২৪ ঘন্টা ডাক্তারের পরামর্শ নিন।

স্বাস্থ্য বাতায়ন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পরিচালিত একটি সেবা। এই স্বাস্থ্য বাতায়নের হেল্পলাইন ১৬২৬৩ এ কল করে আপনি স্বাস্থ্য সংক্রান্ত যেকোন বিষয়ে সরাসরি ডাক্তারের পরামর্শ নিতে পারেন। এই হেল্পলাইন দিনরাত ২৪ ঘন্টা আপনার সেবায় নিয়োজিত। এছাড়া স্বাস্থ্য বাতায়ন থেকে আপনি সরকারী হাসপাতাল, ডাক্তারের তথ্য কিংবা স্বাস্থ্যসেবা বিষয়ক অন্যান্য যেকোন তথ্য এবং ফোন নাম্বার পেতে পারেন। সরকারী, বেসরকারী স্বাস্থ্যসেবা অথবা হাসপাতাল বিষয়ক আপনার কোন অভিযোগ কিংবা পরামর্শ থাকলেও এই নম্বরে জানাতে পারেন। সেই অভিযোগ যথাযথ কর্তৃপক্ষকে জানিয়ে দেয়া হবে এবং আপনাকেও জানিয়ে দেয়া হবে আপনার অভিযোগের ব্যাপারে কি ব্যবস্থা নেয়া হয়েছে।

সুস্থ দেহ, প্রশান্ত মন,
পাশে আছে স্বাস্থ্য বাতায়ন

যে কোন জরুরী স্বাস্থ্য সেবা নিতে
কল করুন ১৬২৬৩ নম্বরে



১৬২৬৩ ডায়াল করার পর, আপনার স্বাস্থ্য বিষয়ে পরামর্শের জন্য সরাসরি ডাক্তারের সাথে কথা বলতে ০ (শূন্য) চাপুন। আপনি যদি আপনার নিকটস্থ সরকারী হাসপাতাল, ডাক্তারের তথ্য কিংবা স্বাস্থ্যসেবা বিষয়ে কোন কিছু জানতে চান, তাহলে ১ চাপুন। আপনি যদি সরকারী-বেসরকারী হাসপাতাল, ক্লিনিক কিংবা অন্যান্য সরকারী স্বাস্থ্যসেবা সম্পর্কে কোন অভিযোগ জানাতে চান, তাহলে ২ চাপুন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য বাতায়ন সেবাটি সম্পর্কে বিস্তারিত জানতে ৩ চাপুন। স্বাস্থ্য বাতায়ন সেবা সম্পর্কিত কোন পরামর্শ অথবা অভিযোগ জানাতে ৪ চাপুন।

মনে রাখবেন, স্বাস্থ্য বাতায়ন কোন বানিজ্যিক সেবা নয় এবং এটি সবচেয়ে সাশ্রয়ী মূল্যে মোবাইল স্বাস্থ্যসেবা। এতে ফোন করতে প্রতিমিনিট ২.৩৭ টাকা চার্জ (ভ্যাটসহ) ও ১০ সেকেন্ড পালস প্রযোজ্য।